

নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.১১.০০৩.১৯.৭৩২

তারিখ: ৬ পৌষ ১৪২৮

২১ ডিসেম্বর ২০২১

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ১০ জানুয়ারি, ২০২১ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২৩৮৭.২০-১৩ সংখ্যক পত্রের সুপারিশের পরিপ্রেক্ষিতে, পুলিশ কর্তৃক প্রাক চাকরি বৃত্তান্ত যাচাই প্রতিবেদন ও স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য না থাকায় চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর ৮ ২২০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড) বেতনক্রমে এবং প্রচলিত অন্যান্য ভাতাদিসহ নিম্নবর্ণিত শর্তে নিম্নোক্ত প্রার্থীকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর 'সহকারী প্রোগ্রামার' -এর শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ করা হলো :

ক্রমিক নং	প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম এবং রেজিঃ নং	স্থায়ী ঠিকানা
০১	নাম : এ.এস.এম মোর্শেদ পিতা : মোঃ আব্দুল গোফফার, মাতা : মোছাঃ মাকছুদা ইয়াসমিন বানু, রেজিঃ নং: ০০০১৩৫।	গ্রাম: থানা রোড পূর্বপাড়া (থানার পশ্চিমে), ডাকঘর- বিরামপুর, উপজেলা- বিরামপুর, জেলা- দিনাজপুর।


২। শর্তাবলী :

- যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে;
- নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ হতে ০২ (দুই) বৎসরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তার চাকরি অবসান ঘটাতে পারবে।
- নিয়োগপ্রাপ্ত ব্যক্তি কোন সরকারি বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অব্যাহতি (Release) গ্রহণ করতে হবে;
- চাকরিতে যোগদানকালে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে যোগদানপত্রের সাথে ৩০০.০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;
- যোগদানের সময় এ প্রজ্ঞানের মূলকপি প্রদর্শনপূর্বক ফটোকপি দাখিল করতে হবে;
- চাকরিতে যোগদানের জন্য কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না;
- বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় কর্তৃক প্রণীত মেধাক্রম এবং নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারি (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা, ২০১১ অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;
- এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা দ্বারা নিয়ন্ত্রিত হবে;

৩। উপরিলিখিত শর্তাবলীর আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ০২ জানুয়ারি, ২০২২ তারিখ সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর যোগদান করার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



২১-১২-২০২১

মোঃ নজরুল ইসলাম
যুগ্মসচিব

নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.১১.০০৩.১৯.৭৩২/১(১২)

তারিখ: ৬ পৌষ ১৪২৮
২১ ডিসেম্বর ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল:

- ১) সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, ঢাকা।
- ২) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) যুগ্মসচিব (উদ্বৃত্ত কর্মচারী অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭) উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ৮) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি এ বিভাগের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।
- ৯) চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
- ১০) হিসাবরক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১) জনাব এ.এস.এম মোর্শেদ, পিতা: মো: আব্দুল গোফফার, মাতা: মোছা: মাকসুদা ইয়াসমিন বানু, রেজি নং: ০০০১৩৫, গ্রাম: থানা রোড পূর্বা পাড়া (থানার পশ্চিমে), ডাকঘর: বিরামপুর, পোষ্ট কোড: ৫২৬৬, থানা: বিরামপুর, জেলা: দিনাজপুর।
- ১২) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।